তারিখঃ ০৪ নভেম্বর ২০২৪

বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)
৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

**আগামী ১০০ দিনের কর্মপরিকল্পনা ও সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা সংক্রান্ত (অক্টোবর-২০২৪) মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনঃ**

| বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | সংস্কার পরিকল্পনা/কার্যক্রমের শিরোনাম | সংস্কার পরিকল্পনা/কার্যক্রমের বর্ণনা | সংস্কার পরিকল্পনা/কার্যক্রমের কাঙ্খিত ফলাফল | সংস্কার পরিকল্পনা/কার্যক্রম গ্রহণের তারিখ | গৃহীত সংস্কার পরিকল্পনা/কার্যক্রম সমাপ্তির সম্ভাব্য তারিখ | বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর-২০২৪) |
| ০১. | ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহ ও প্রচার | ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহ করে ২৫০টি মানবিক প্রতিবেদন তৈরির লক্ষ্যমাত্রা ধরে নিয়মিত সংবাদ সংগ্রহ ও প্রচারের কাজ চলমান থাকবে। | আন্দোলনে আহত, নিহত ও শহীদদের সঠিক তথ্য জনগণের নিকট তুলে ধরা সম্ভব হচ্ছে। | ১০ আগস্ট, ২০২৪ | ৩১ ডিসেম্বর, ২০২৪ | বাসস থেকে অক্টোবর-২০২৪ মাসে এবিষয়ে ইংরেজিতে ২৮টি ও বাংলায় ৬৯টিসহ সর্বমোট ৯৭টি সংবাদ সংগ্রহ ও প্রচার করা হয়েছে। |
| ০২. | পতিত সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ সংগ্রহ ও প্রচার করা | পতিত সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত সকল দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ সংগ্রহ ও প্রচার করা হবে। | বিগত সরকারের দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদির সঠিক সকল তথ্য জনগণ পাবে। | ১০ আগস্ট, ২০২৪ | ৩১ ডিসেম্বর, ২০২৪ | সংস্থা থেকে অক্টোবর-২০২৪ মাসে এবিষয়ে ৯৫টি সংবাদ সংগ্রহ ও প্রচার করা হয়েছে। |
| ০৩. | সংস্থায় প্লাস্টিকের ব্যবহার পরিহার করে কাঁচের গ্লাস, জগের ব্যবহার বৃদ্ধি | সংস্থায় প্লাস্টিকের ব্যবহার পরিহার করে কাঁচের গ্লাস, জগের ব্যবহার বৃদ্ধি করা হবে | স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পাবে ও পরিবেশ বান্ধব হবে। | ১২ সেপ্টেম্বর, ২০২৪ | চলমান | কাঁচের গ্লাস, জগের ব্যবহার চলমান রয়েছে। |

## News on Martyr and Injured during Mass Uprising

| | | | |
|---|---|---|---|
| 1. | Shahin injured in mass uprising passing agonizing days in hospital | Shahin<br>Address:Dhaka | 02-10-2024 |
| 2. | Quota protest: Injured Hasan wants to play vital role in building future nation | **Hasan**<br>Address: Dhaka | 02-10-2024 |
| 3. | Bithi becomes widow before first marriage anniversary | **Bithi**<br>Address Kurigram | 03-10-2024 |
| 4. | Quota protest: Indiscriminate killing of students motivated Sabbir to join movement | **Sabbir**<br>Address :Dhaka | 03-10-2024 |
| 5. | "My mind was restless from beginning of the day, Abu Sayeed's mother recalls | **Abu Sayeed**<br>Address :Rangpur | 04-10-2024 |
| 6. | Noor's family goes through hardship losing lone wage earner | **Noor**<br>Address :Khulna | 05-10-2024 |
| 7. | Hridoy will remain in people's heart forever | **Hridoy**<br>Address:SUNAMGANJ | 06-10-2024 |
| 8. | My sacrifice be successful if good governance ensured: injured journo Ripon | **journo Ripon**<br>Address:Dhaka | 07-10-2024 |
| 9. | "I never thought he will leave us forever": martyr journalist Mehedi's wife | **Mehedi**<br>Address:Dhaka | 09-10-2024 |
| 10. | Afnan's mother still endures mental agony losing her son | **Afnan**<br>Address:LAKSHMIPUR | 11-10-2024 |
| 11. | Government working for people's welfare: Mokhlesur Rahman | **Mokhlesur Rahman**<br>Address:RANGPUR | 13-10-2024 |
| 12. | "Our family almost became lifeless after my son's death": martyr Sajjad's mother | **Sajjad**<br>Address:Chandpur | 14-10-2024 |
| 13. | BGC student Kawsar dies after 70 days | **Kawsar**<br>Address:CHATTOGRAM | 14-10-2024 |
| 14. | Mokhles visits Abu Sayeed family in Rangpur | **Abu Sayeed**<br>Address:Rangpur | 14-10-2024 |
| 15. | Bullet-hit van cart puller Omar faces financial hardship | **Omar**<br>Address:Rangpur | 15-10-2024 |
| 16. | "I will return after fall of autocratic government," Saiful's last words | **Saiful**<br>Address : Demra in Narayanganj | 16-10-2024 |
| 17. | Bullet ends Omar's dream of becoming an aeronautical engineer | **Omar**<br>Address : Chattogram | 17-10-2024 |
| 18. | Kishoreganj Jamaat's delegation offers prayer at martyr Jibon's grave | **Jibon**<br>Address : Kishoreganj | 20-10-2024 |

| | | | |
|---|---|---|---|
| 19. | Tragic end of a teenager's life | **Maruf Mia**<br>Address : Tangail | 20-10-2024 |
| 20. | **Garment worker Nabi still carrying many pellets inside his body** | Nabi Hussain<br>Address: NETRAKONA | 24.10.2024 |
| 21. | **Martyrdom of Abu Sayeed motivated people to free the nation from fascism** | **Abu Sayeed**<br>**Address: Rangpur** | **26.10.2024** |
| 22. | **Sexagenarian Bashir wants his son back exchange of his all wealth** | **Shahadat Hossain Shaon**<br>**Address: Jatrabari** | **27.10.2024** |
| 23. | **Garment worker Shaheed Sohag's parents get house** | **Sohag's**<br>**Address: Rangpur** | **27.10.2024** |
| 24. | **Martyr Parvez's father lost job while constantly searching body of his son** | Md Parvez Bepari,<br>**Address:** CHANDPUR | **28.10.2024** |
| 25. | **Mugdho will never ask anyone, anybody needs water brother** | Mir Mahfuzur Rahman Mugdho<br>**Address: DHAKA** | **28.10.2024** |
| 26. | **Shaheed Miraz actively participated in mass upsurge to end autocratic rule** | Miraz Hossain<br>**Address: DHAKA** | **29.10.2024** |
| 27. | **Ayman get new independence through sustaining bullet injuries** | Md Ayman Faruque<br>**Address:** COX'S BAZAR | **30.10.2024** |
| 28. | **Critically injured Imran fears losing his eyesight forever** | Imran Hossain<br>**Address: Jhenaidah** | **30.10.2024** |

# গণঅভ্যুত্থানের গাথা

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | ‘মা, আমি না থাকলে তোমরা কি চলতে পারবে না?’- এ প্রশ্ন শহিদ সাজ্জাদের | সংবাদদাতা, সাভার | সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ সাজ্জাদ হোসাইন-নীলফামারী | ০১-১০-২০২৪ |
| ২. | পরিবারের সবার ছোট রিয়াজ চলে গেলেন সবার আগে | মোঃ মোস্তফা কামাল-কেরানীগঞ্জ | সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ রিয়াজ হোসেন-কেরানীগঞ্জ | ০১-১০-২০২৪ |
| ৩. | স্বাচ্ছন্দ্যের শেষ আশ্রয়টুকুও হারালেন শহিদ দেলোয়ারের বৃদ্ধা মা জিন্নাতুন নেছা | হাসনাইন আহমেদ মুন্না-ভোলা | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ দেলোয়ার হোসেন-ভোলা | ০২-১০-২০২৪ |
| ৪. | বিজয় মিছিলে গিয়ে জীবনের আনন্দই মাটি হলো দিনমজুর ইয়াকুবের | *কামাল আতাতুর্ক মিসেল*-কুমিল্লা | সংবাদদাতা-এমজে-জুনা | আহত ইয়াকুব হোসেন-কুমিল্লা | ০২-১০-২০২৪ |
| ৫. | ফেসবুকে স্ট্যাটাস দিয়ে গেলেন মিছিলে, ফিরলেন লাশ হয়ে | দেলোয়ার হোসেন-মাগুরা | বিপ্র/সংবাদদাতা/এমজে/-জুনা | শহিদ সুমন-মাগুরা | ০২-১০-২০২৪ |
| ৬. | শহিদ আফনানের মা, দিন কাটছে তাঁর হাহাকার আর আর্তনাদে | লক্ষ্মীপুর | বিপ্র/সংবাদদাতা/জুনা | শহিদ সাদ আল আফনান-লক্ষ্মীপুর | ০৩-১০-২০২৪ |
| ৭. | বিজয় মিছিলে গিয়ে ছেলের লাশ নিয়ে ফিরতে হলো হতভাগ্য পিতাকে | ফারাজী আহম্মদ রফিক বাবন-নাটোর | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ হৃদয় আহমেদ-নাটোর | ০৩-১০-২০২৪ |
| ৮. | স্বৈরাচারের পতন হয়েছে, কিন্তু ফেরা হলো না সাইফুল হাসানের | মুহাম্মদ হেদায়েত উল্লাহ-গাজীপুর | বিপ্র/সংবাদদাতা-এমজে/-জুনা | শহিদ সাইফুল হাসান-নারায়ণগঞ্জ, ডেমরা | ০৩-১০-২০২৪ |
| ৯. | ছররা গুলির আঘাতে পুরোপুরিই অন্ধ হতে চলেছেন রাকিবুল | শাহাদুল ইসলাম সাজু-জয়পুরহাট | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | আহত রাকিবুল ইসলাম-জয়পুরহাট | ০৪-১০-২০২৪ |
| ১০. | ছেলে নেই, তবু বিছানা গুছিয়ে রাখছেন মা | এসএম সাখাওয়াত রেজা সেলিম-ঝিনাইদহ | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ সাব্বির হোসেন-ঝিনাইদহ | ০৪-১০-২০২৪ |
| ১১. | ‘আমি দায়িত্ব পালন করছি। এটা আমার পেশা’ স্ত্রীর উদ্বেগে শহিদ সাংবাদিক মেহেদীর দৃঢ় জবাব | সেলিনা শিউলী-ঢাকা | সেলিনা শিউলী/জুনা | শহিদ মেহেদী হাসান-পটুয়াখালী | ০৫-১০-২০২৪ |
| ১২. | ঢাকা মেডিকেলে অনেক লাশের মধ্যে পড়েছিল শহিদ রনির লাশ | হাসনাইন আহমেদ মুন্না-ভোলা | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ মো: রনি-ভোলা | ০৫-১০-২০২৪ |
| ১৩. | শ্বশুর বাড়ির ঠাঁই হারালেন শহিদ নূর আলমের স্ত্রী খাদিজা | শফিকুল ইসলাম বেবু-কুড়িগ্রাম | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ নূর আলম-কুড়িগ্রাম | ০৬-১০-২০২৪ |
| ১৪. | দান নয়, চিকিৎসা সহায়তা চান উদীয়মান | ভুবন রায় নিখিল- | বিপ্র/সংবাদদাতা-এমজে/-জুনা | আহত সাকিব মাহমুদুল্লাহ-সৈয়দপুর | ০৬-১০-২০২৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ক্রিকেটার সাকিব মাহমুদুল্লাহ | নীলফামারি | | | |
| ১৫. | শিশু স্বাধীনের উৎসুক চোখ খোঁজে কেবল বাবাকেই | মোহাম্মদ নূর উদ্দিন-হবিগঞ্জ | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ রিপন চন্দ্র শীল-হবিগঞ্জ | ০৭-১০-২০২৪ |
| ১৬. | শহিদ জামশেদ স্মরণে এলাকায় পাবলিক পাঠাগারের দাবি সকলের | দেলোয়ার হোসাইন আকাইদ-কুমিল্লা | বিপ্র/সংবাদদাতা/জুনা | শহিদ জামশেদুর রহমান-কুমিল্লা | ০৭-১০-২০২৪ |
| ১৭. | বৈষম্য নিরসন ও সুশাসন নিশ্চিত হলেই রক্ত দেয়া স্বার্থক হবে : গুলিবিদ্ধ সাংবাদিক রিপন হাওলাদার | দিদারুল আলম-ঢাকা | এএসজি/ডিএ/এমএজেড | আহত রিপন হাওলাদার-পটুয়াখালী | ০৭-১০-২০২৪ |
| ১৮. | ভালো নেই শহিদ সুজনের অসহায় পরিবারের সদস্যরা | মোঃ বিপুল ইসলাম-লালমনিরহাট | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ সুজন হোসেন-লালমনিরহাট | ০৮-১০-২০২৪ |
| ১৯. | দেনা শোধ না করেই চির বিশ্রামে হৃদয় | আক্কাস সিকদার-ঝালকাঠি | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ হৃদয় হাওলাদার-ঝালকাঠি | ০৮-১০-২০২৪ |
| ২০. | হারিয়ে যাওয়া মায়ের কাছেই চলে গেল শিশু আব্দুল্লাহ | মোঃ আব্দুর রাজ্জাক-কুষ্টিয়া | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ আব্দুল্লাহ আল মুস্তাকিন-কুষ্টিয়া | ০৯-১০-২০২৪ |
| ২১. | শরীরে গুলির স্প্রিন্টার নিয়ে অসহ্য যন্ত্রণায় ছটফট করছেন সিজান | রাস্তম আলী মন্ডল-দিনাজপুর | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | আহত রেজোয়ান ফেরদৌস সিজান-দিনাজপুর | ০৯-১০-২০২৪ |
| ২২. | স্বপ্ন পূরণের কাছাকাছি পৌঁছে চিরতরে হারিয়ে গেলেন ওমর | মাহাম্মদ বাইজিদ হোসাইন-চট্টগ্রাম | বিপ্র/সংবাদদাতা/-এমজে/জুনা | শহিদ ওমর বিন নূরুল আবছার-চট্টগ্রাম | ১০-১০-২০২৪ |
| ২৩. | মৃত্যুর কোল থেকে ফিরে এখন যন্ত্রণার সমুদ্রে সালেহ আহমেদ | মোহাম্মদ নুর উদ্দিন-হবিগঞ্জ | বিপ্র/সংবাদদাতা-জুনা/জুনা | আহত সালেহ আহমেদ-হবিগঞ্জ | ১০-১০-২০২৪ |
| ২৪. | মৃত্যু যন্ত্রণায় কাতরাচ্ছেন বুলেটবিদ্ধ অসহায় সুজন | আব্বাছ হোসেন-লক্ষ্মীপুর | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | আহত খালেদ মাহমুদ সুজন-লক্ষ্মীপুর | ১১-১০-২০২৪ |
| ২৫. | নামাজ শেষে মিছিলে গিয়ে গুলিবিদ্ধ হয়ে শহিদ হন হাফেজ সাজ্জাদ | চাঁদপুর | সংবাদদাতা/-আসাচৌ | শহিদ হাফেজ সাজ্জাদ হোসেন সাব্বির-চাঁদপুর | ১১-১০-২০২৪ |
| ২৬. | সন্তানদের দ্বীনি শিক্ষায় শিক্ষিত করার স্বপ্ন ছিলো শহিদ আকিনুরের | মোহাম্মদ নুর উদ্দিন-হবিগঞ্জ | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহিদ আকিনুর মিয়া-হবিগঞ্জ | ১২-১০-২০২৪ |
| ২৭. | ছবিতে পায়ের জুতা দেখে শনাক্ত হলো ছোট্ট ছায়াদের লাশ | রূপোকুর রহমান-সাভার | বিপ্র/সংবাদদাতা/এমজে/জুনা | শহিদ ছায়াদ মাহমুদ খান-মানিকগঞ্জ | ১২-১০-২০২৪ |
| ২৮. | বিজয় মিছিলে গিয়ে আর ফিরেনি শহীদ কিশোর জুবায়েদ | এসকে রাসেল-কিশোরগঞ্জ | বি.প্র./সংবাদদাতা/-আরজি | শহিদ জুবায়েদ-কিশোরগঞ্জ | ১৩-১০-২০২৪ |
| ২৯. | শহীদ সায়মনের স্ত্রী শামিমার সুখ নিমিষেই ছেয়ে | দেলোয়ার হোসাইন | বি.প্র./সংবাদদাতা/-আরজি | শহিদ সাইমন ইসলাম আল-আমিন- | ১৩-১০-২০২৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | গেল বিষাদে | আকাইদ-কুমিল্লা | | কুমিল্লা | |
| ৩০. | 'বাইকটা ছুঁলেই মনে হয় আমি রাকিবকে স্পর্শ করছি' - শহিদ রাকিবের বাবা | শাহজাহান নবীন-ঝিনাইদহ | বিপ্র/সংবাদদাতা/এমজে/জুনা | শহিদ মো. রাকিবুল হোসেন-ঝিনাইদহ | ১৪-১০-২০২৪ |
| ৩১. | শরীরে রাবার বুলেটের যন্ত্রণা আর সংসারের চিন্তায় দিশেহারা দিনমজুর এনামুল | শফিকুল ইসলাম বেবু-কুড়িগ্রাম | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | আহত মোঃ এনামুল হক-কুড়িগ্রাম | ১৪-১০-২০২৪ |
| ৩২. | ভাই হত্যার বিচার দাবি ছোট বোন সানজিদার | মহিউদ্দিন সুমন-টাঙ্গাইল | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ মারুফ মিয়া-টাঙ্গাইল | ১৫-১০-২০২৪ |
| ৩৩. | 'ছেলেকে হারিয়ে আমাদের একেকটা দিন যেন একেকটা বছর' শহিদ মিরাজের বাবা | মোঃ বিপুল ইসলাম-লালমনিরহাট | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ মিরাজুল ইসলাম মিরাজ-লালমনিরহাট | ১৫-১০-২০২৪ |
| ৩৪. | কাজের সন্ধানে ঢাকা গিয়ে লাশ হয়ে ফিরলেন শহিদ বাবু | মনোজ কুমার সাহা-গোপালগঞ্জ | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ বাবু মোল্লা-গোপালগঞ্জ | ১৫-১০-২০২৪ |
| ৩৫. | মাকে সাবধানে থাকার কথা বলে নিজেই চলে গেলেন না ফেরার দেশে | ফারাজী আহম্মদ রফিক বাবন-নাটোর | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ সোহেল রানা-নাটোর | ১৬-১০-২০২৪ |
| ৩৬. | 'আমার ছেলের দ্বিতীয় মৃত্যু হলো আজ' পরীক্ষার ফলাফলের পর এ কথা শহিদ প্রিয়'র বাবার | সাকিরুল কবীর রিটন-যশোর | সংবাদদাতা/এমজে/জুনা | শহিদ শাওয়াস্ত মেহতাব প্রিয়-যশোর | ১৬-১০-২০২৪ |
| ৩৭. | 'কোথায় গেলে পাবো আমার ভাইটিকে?' এ আকুতি শহিদ আবিরের বোন মৌরির | শুভব্রত দত্ত-বরিশাল | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ আবদুল্লাহ আল আবির-বরিশাল | ১৭-১০-২০২৪ |
| ৩৮. | আমি রেজাল্ট চাইনা, আমার ছেলে হত্যার বিচার চাই:শহিদ সবুজ মিয়ার মা | সঞ্জীব চন্দ বিল্টু-শেরপুর | সংবাদদাতা/-আসাচৌ | শহিদ সবুজ মিয়া-শেরপুর | ১৮-১০-২০২৪ |
| ৩৯. | শহিদ গউসের জন্যে আজো কাঁদেন তার মা | সেলিম-শুয়াইব-সিলেট | সংবাদদাতা/-আসাচৌ | শহিদ গউস উদ্দিন-সিলেট | ১৮-১০-২০২৪ |
| ৪০. | সন্তান হারানোর বেদনা আর ঋণের চিন্তায় দিশেহারা শহিদ শুভ শীলের পরিবার | রুপোকুর রহমান-সাভার | বিপ্র/সংবাদদাতা-এমজে/জুনা | শহিদ শুভ শীল-ঝিনাইদহ | ১৯-১০-২০২৪ |
| ৪১. | নিজের চিকিৎসা, বাবার অসুস্থতা, ঋণ পরিশোধ, কি করবে এখন গুলিবিদ্ধ ওমর? | মোঃ মামুন ইসলাম-রংপুর | বি:প্র:/এমআই/জুনা | আহত ওমর ফারুক-রংপুর | ১৯-১০-২০২৪ |
| ৪২. | এই বুঝি ছেলে ফিরবে, তীব্র প্রতীক্ষায় দিন কাটে শহিদ আসিফের বাবা মায়ের | আসাদুজ্জামান আসাদ-সাতক্ষীরা | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ আসিফ হাসান-সাতক্ষীরা | ২০-১০-২০২৪ |
| ৪৩. | গুলিবিদ্ধ দলিল উদ্দিনের ব্যয়বহুল চিকিৎসা সহায়তায় কেউ কি এগিয়ে আসবেন? | ইসমাঈল আহসান-উত্তরা (ঢাকা) | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | আহত দলিল উদ্দিন-চুয়াডাঙ্গা | ২০-১০-২০২৪ |
| ৪৪. | রিফাতের গুলিবিদ্ধ হওয়ার খবরে হার্ট অ্যাটাকে মারা যান নানা | মহসীন কবির-কুমিল্লা | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ রিফাত হোসেন-কুমিল্লা | ২১-১০-২০২৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৫. | 'আমার চোখ দিয়ে হলেও আমার ছেলে যেন চোখের আলো ফিরে পায়'-আহত ইমরানের মা | শাহজাহান নবীন-ঝিনাইদহ | বিপ্র/সংবাদদাতা/এমজে/জুনা | আহত মো. ইমরান হোসেন-ঝিনাইদহ | ২১-১০-২০২৪ |
| ৪৬. | নতুন স্বাধীনতার স্বাদ নিতে আকুল আয়মান অসহ্য যন্ত্রণায় ভুগছেন | ইব্রাহিম খলিল মামুন-কক্সবাজার | বিপ্র/সংবাদদাতা/জুনা/১১৪৩/জুনা | আহত আয়মান ফারুকী-কক্সবাজার | ২২-১০-২০২৪ |
| ৪৭. | গুম হওয়া শহিদ হৃদয়ের দেহাবশেষ পাওয়ার আশায় পরিবার | দিদারুল আলম-ঢাকা | এএসজি/ডিএ/জুনা | শহিদ মোঃ হৃদয় টাঙ্গাইল | ২২-১০-২০২৪ |
| ৪৮. | ছোট সন্তানকে মানুষ করে শহিদ রিতার স্বপ্ন পূরণের আকাঙ্ক্ষা পরিবারের | সংবাদদাতা-জয়পুরহাট | বিপ্র/সংবাদদাতা-এমজে/-জুনা | শহীদ রিতা আক্তার-জয়পুরহাট | ২২-১০-২০২৪ |
| ৪৯. | বাবাকে 'ভাল খবর' দিয়ে চিরতরে হারিয়ে গেলেন গার্মেন্টস কর্মী রানা | মোঃ সাইফুল ইসলাম-যশোর | বিপ্র/সংবাদদাতা/এমজে/-জুনা | শহীদ তৌহিদুল ইসলাম রানা-যশোর | ২৩-১০-২০২৪ |
| ৫০. | আনন্দ নিয়ে নয়, বাড়ি ফিরলেন মনির লাশ হয়ে | বেলাল রিজভী-মাদারীপুর | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহীদ মনিরুজ্জামান মোল্লা-মাদারীপুর | ২৩-১০-২০২৪ |
| ৫১. | 'বাজান নেই, আমার সব শেষ'- এ আহাজারি শহিদ সাব্বিরের পিতার | শাহজাহান নবীন-ঝিনাইদহ | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহীদ সাব্বির আহমেদ-ঝিনাইদহ | ২৩-১০-২০২৪ |
| ৫২. | ছেলেমেয়েকে বড়ো অফিসার বানানোর স্বপ্ন পূরণ হবে কি শহিদ হান্নানের? | রফিকুল ইসলাম সুইট-পাবনা | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহিদ আব্দুল হান্নান খান-পাবনা | ২৪-১০-২০২৪ |
| ৫৩. | 'পুলিশ কেন আমার বাবাকে গুলি করলো?' এ প্রশ্ন ছোট্ট তাবাসসুমের | মোঃ আব্দুর রাজ্জাক-কুষ্টিয়া, | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহিদ আশরাফুল ইসলাম-কুষ্টিয়া | ২৪-১০-২০২৪ |
| ৫৪. | যখন তখন বাবার কবরের কাছে ছুটে গিয়ে কাঁদতে শুরু করে ছোট্ট শিশু তানহা | সেলিম আউয়াল ও শুয়াইবুল ইসলাম-সিলেট | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহিদ তাজউদ্দিন মিয়া-সিলেট | ২৪-১০-২০২৪ |
| ৫৫. | ঘাতকদের দৃষ্টান্তমূলক শাস্তি চান শহিদ শফিকুলের মা | রুপোকুর রহমান-সাভার | সংবাদদাতা/-আসাচৌ | শহীদ শফিকুল ইসলাম-সাভার | ২৫-১০-২০২৪ |
| ৫৬. | মাথায় গুলিবিদ্ধ হয়ে শহিদ হন মানিক | আবদুস সালাম আজাদ জুয়েল-চাঁদপুর | বিপ্র/-আসাচৌ | শহীদ আবদুল কাদির মানিক-চাঁদপুর | ২৫-১০-২০২৪ |
| ৫৭. | 'নয়ন নেই, এখন আমাদের কে খাওয়াবে?' এ আকুল জিজ্ঞাসা বোন সোহেনা বেগমের | মোহাম্মদ নূর উদ্দিন-হবিগঞ্জ | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহিদ শেখ নয়ন হোসেন-হবিগঞ্জ | ২৬-১০-২০২৪ |
| ৫৮. | ক্ষণজন্মা বীর আবু সাঈদের কথা জাতি কখনো ভুলবে না | মোঃ মামুন ইসলাম-রংপুর | বিপ্র/এমআই/-জুনা | শহিদ আবু সাঈদ-রংপুর | ২৬-১০-২০২৪ |
| ৫৯. | 'কারও পানি লাগবে ভাই?' এ প্রশ্ন করতে মুগ্ধ আর কোনদিন আসবে না | সেলিনা শিউলী-ঢাকা | বিপ্র/এসএস/১০১০/-জুনা | শহিদ মীর মাহফুজুর রহমান মুগ্ধ-খুলনা | ২৭-১০-২০২৪ |
| ৬০. | ছেলে নেই, সাইকেলের পাশে নীরবে দাঁড়িয়ে কাঁদেন পিতা | সাজ্জাদ হোসেন-ঢাকা | এসপিএল/এমএসএইচ/জুনা | শহিদ মাহামুদুর রহমান সৈকত- | ২৭-১০-২০২৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬১. | শহিদ শাকিলের বাবা মায়ের পাশে দাঁড়ানোর আর কেউ রইলো না | মুহাম্মদ হেদায়েত উল্লাহ-গাজীপুর | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ শাকিল হোসেন-লক্ষ্মীপুর | ২৮-১০-২০২৪ |
| ৬২. | রুবেল বাড়ি ফিরলেন গুলিতে ক্ষত বিক্ষত লাশ হয়ে | এসকে রাসেল-কিশোরগঞ্জ | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহিদ মো. তারিকুল ইসলাম রুবেল-কিশোরগঞ্জ | ২৮-১০-২০২৪ |
| ৬৩. | কোন ভালো খাবারই রান্না করতে পারছেন না শহিদ নাঈমার মা | ইসমাঈল আহসান-ঢাকা | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | শহিদ নাঈমা সুলতানা-চাঁদপুর | ২৮-১০-২০২৪ |
| ৬৪. | 'চিকিৎসা না পেলে ছেলেটা আর বাঁচবে না'-এ আশংকা আহত জাহেদুলের পিতার | শাহাদুল ইসলাম সাজু-জয়পুরহাট | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | আহত জাহেদুল ইসলাম-জয়পুরহাট | ২৯-১০-২০২৪ |
| ৬৫. | আন্দোলনে যোগ দিয়ে দুই সহোদরের একজন শহিদ, অন্যজন পঙ্গু | সুনামগঞ্জ | বিপ্র/সংবাদদাতা/জুনা/জুনা | শহিদ সোহাগ মিয়া-সুনামগঞ্জ<br>আহত শুভ মিয়া | ২৯-১০-২০২৪ |
| ৬৬. | ছেলেকে আর দ্বীনদার আলেম বানানো হলো না মনসুরের | সাজ্জাদ হোসেন-ঢাকা | বিপ্র/এমএসএইচ/-জুনা | শহিদ মো. মনসুর মিয়া-ঢাকা বসিলা | ৩০-১০-২০২৪ |
| ৬৭. | 'সর্বস্ব দেবো, বিনিময়ে ছেলেকে ফিরিয়ে দিন' এ আর্তনাদ শহিদ শাওনের পিতা বাছিরের | সৈয়দ এলতেফাত হোসাইন-ঢাকা | বিপ্র/এসএএইচ/অনুবাদ-এমজে/জুনা | শহিদ শাহাদাত হোসেন শাওন-ঢাকা | ৩০-১০-২০২৪ |
| ৬৮. | আহত শামীমার দিন কাটছে তীষণ অভাবে আর কষ্টে | রফিকুল ইসলাম সুইট-পাবনা | বিপ্র/সংবাদদাতা/জুনা/-জুনা | আহত মোছাম্মৎ শামীমা সুলতানা-পাবনা | ৩০-১০-২০২৪ |
| ৬৯. | শহিদ খালিদের এতোটুকু শরীরে ৭০টি সিসার ফুটো! ভাবা যায়? | বরুন কুমার দাশ-ঢাকা | বিপ্র/বিকেডি/জুনা/জুনা | শহিদ খালিদ হাসান সাইফুল্লাহ-ফরিদপুর | ৩১-১০-২০২৪ |

দৈনিক সংবাদ

২০ অক্টোবর ২০২৪

# নিজের চিকিৎসা, বাবার অসুস্থতা, ঋণ পরিশোধ, কী করবে গুলিবিদ্ধ ওমর?

বাসস

ভ্যানগাড়ি চালক ওমর ফারুক বুলেটবিদ্ধ হয়ে বিছানায়। অসুস্থ বাবা। এগারো সদস্যের সংসারের খরচ। আহত ওমর এখন বড্ডো অসহায়। কি করবে তার পরিবার?

অথচ তিন মাস আগেও ওমর পরিবারের একমাত্র উপার্জনকারী হিসাবে কঠোর পরিশ্রম করছিলেন। এখন তিনি চরম আর্থিক সংকটের কবলে।

ওমর বলেন, 'বিগত ১৮ জুলাই বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সময় পুলিশের একটি গুলি আমার নাভির নিচ দিয়ে ঢুকে পেছনের দিক দিয়ে বেরিয়ে যায়। একইসঙ্গে ভেঙ্গে চুরমার হয়ে যায় আমার জীবনের সকল স্বপ্ন।'

ঘটনার দিনই রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে (আরপিএমসিএইচ) ওমরের শরীরে জটিল অস্ত্রোপচার করা হয়। মৃত্যুর কাছাকাছি থেকে তিনি ফিরে আসেন।

রংপুর সিটি কর্পোরেশনের ৩১ নং ওয়ার্ডের শেখপাড়া গ্রামের চার ভাই ও দুই বোনের মধ্যে দ্বিতীয় ওমর ফারুক(৩৫) একই গ্রামে তার শ্বশুর বাড়ীতে স্ত্রী-সন্তানসহ বসবাস করেন।

এই ভয়ংকর ট্র্যাজেডি তার জীবনে আঘাত হানার আগে, ওমর তার ভ্যানগাড়িতে করে প্রতিদিন গ্রামাঞ্চল থেকে রংপুর শহরে এনে নেপিয়ার



ঘাস বিক্রি করে তার ১১ জনের ভরণ পোষণ চালিয়ে আসছিলেন।

তার বাড়ি থেকে বাসস'কে দেয়া এক সাক্ষাৎকারের সময় ওমর হতাশা, বেদনা ও দুঃখের সাথে সেদিন তার সাথে কী ঘটেছিল এবং পরবর্তী কালে তার জীবনে নেমে আসা দুর্দশা বর্ণনা করেছিলেন। এখন বিছানায় কঠিন দিন পার করছেন।

► পৃষ্ঠা : ২ ক : ৩

## নিজের চিকিৎসা, বাবার অসুস্থতা

(১২ পৃষ্ঠার পর)

কারণ জটিল অস্ত্রোপচার এবং পরবর্তী অস্ত্রোপচার না হওয়া পর্যন্ত কৃত্রিমভাবে মলত্যাগ করার জন্য তার শরীরে একটি কোলোস্টোমি ব্যাগ বাহ্যিকভাবে সংযুক্ত রয়েছে।

ওমর তার বাবা খলিলুর রহমান (৬০), স্ত্রী জোহরা বেগম (২৭), ছেলে জুনায়েদ হাসান (সাড়ে সাত বছর এবং মেয়ে ফাহমিদাকে (আড়াই বছর) সাথে নিয়ে তার শ্বশুর বাড়িতে থাকেন।

দিনমজুর শ্বশুর জয়দুল ইসলাম (৫৫) তার ছেলে রাসেল (২২) ও মেয়ে পারভিন বেগম (৩৬) ও পারভিনের দুই সন্তান মিলে এই যৌথ পরিবার।

ওমর বলেন, 'আগে আমার দিনমজুর বাবা ১১ জনের এই সংসার চালাতে কিছুটা সহযোগিতা করতে পারতেন। কিন্তু বয়স বাড়ায়, কঠোর শারীরিক পরিশ্রম এবং পায়ের হাড় ক্ষয়ের কারণে আমার বাবা আর হাঁটতে ও কাজ করতে পারেন না।'

অশ্রুভেজা কণ্ঠে ওমর বলেন, 'জীবনের এই ট্র্যাজেডি আমার আকাঙ্ক্ষাকে ভেঙে দিয়েছে। বাবার চিকিৎসা কি করব, পরিবারের খরচ চালানোই এখন দায়। আমার দিনমজুর শ্বশুরও এখন কর্মহীন।

এ অবস্থায় কি করে সবার মুখে খাবার জুটবে এ চিন্তায় দিশেহারা ওমর। এর ওপর রয়েছে অস্ত্রোপচারের খরচ। কি হবে, কি করবে এখন ওমর?

ওমর বলেন, গত ১৬ জুলাই বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদ শহিদ হওয়ার পর বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন চরমে পৌছায়। তবু পেটের দায়ে ১৮ জুলাই প্রতিদিনের মতো ভ্যানগাড়ি নিয়ে আমি বের হই।

তিনি বলেন, বিকেলে নগরীর মডার্ন মোড় এলাকা সংলগ্ন কাতেমা কোল্ড স্টোরেজের কাছে মেরামতের দোকানে ভ্যানগাড়ি সারাতে যাই। এ সময়ে আমি পুলিশের গুলিতে আহত হই।

গুলিবিদ্ধ হওয়ার পর ওমর অজ্ঞান হয়ে পড়েন। চেতনা ফিরে পাওয়ার পর তিনি নিজেকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের সার্জারি ওয়ার্ডে দেখতে পান।

প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস গত ১০ আগস্ট রংপুর হাসপাতাল পরিদর্শনে গেলে ওমরের সাথে তিনি কথা বলেন। সে সাক্ষাতের মধুর মুহূর্ত স্মরণ করে ওমর বলেন, তার এখনও মনে আছে যখন তিনি ওই হাসপাতালে এসে তার সাথে দেখা ও কথা বলেন। ডা. মো. আবদুল বাছেদের সাথে কথা বলে তার স্বাস্থ্যের খোঁজ খবর করেন।

তিনি বলেন, 'ডা. মো. আবদুল বাছেদ, যিনি ১৮ জুলাই আমার অস্ত্রোপচার করেছিলেন, প্রধান উপদেষ্টার কাছে আমার অবস্থা বিশদভাবে ব্যাখ্যা করেছিলেন। ওমর বলেন, 'মুহাম্মদ ইউনূস আমার স্বাস্থ্যের খোঁজখবর নেয়ার সময় ডা. মো. আবদুল বাছেদ আমার সার্বিক অবস্থার বিস্তারিত ব্যাখ্যা করেন।' তবু ওমর তেমন কোন সাহায্য সহযোগিতা এখনও পাননি।

ওমর দুঃখের সাথে বলেন, তার চিকিৎসার জন্য তাকে তার জায়গা জমি সবকিছু বিক্রি করতে হয়েছে এবং অনেকের কাছে তার স্ত্রীকে অর্থ ধার করতে হয়েছে। ট্র্যাজেডির তিন মাস পেরিয়ে গেলেও তিনি এখনও কোনো সরকারি সাহায্য পাননি। অন্যান্য সাহায্য যেটুকু পেয়েছেন তা প্রয়োজনের তুলনায় সামান্য।

নিজ বাড়িতে বাসস'র সাথে আলাপকালে ওমরের স্ত্রী জোহরা বেগম জানান, তার শ্বশুর, স্বামী, দুই সন্তান এবং তার নিজের বাবা, মা, এক ভাই ও এক বোন পারভীন বেগম ও এই বোনের দুই সন্তানসহ সহ তাদের ১১ জনের একটি যৌথ পরিবার রয়েছে।

তিনি বলেন, আমরা মূলত আমার স্বামীর আয়ের ওপর টিকে ছিলাম। কারণ তিনি রংপুর শহরে তার ভ্যানগাড়ীতে নিয়ে নেপিয়ার ঘাস বিক্রি করে গড়ে প্রতি মাসে ৩০ হাজার থেকে ৩৫ হাজার টাকা উপার্জন করতেন।'

এ পর্যন্ত চিকিৎসা ব্যয় বাবদ জামায়াতে ইসলামী ১০ হাজার টাকা, সাজিদা ফাউন্ডেশন ১৫ হাজার টাকা, আস-সুন্নাহ ফাউন্ডেশন ১০ হাজার টাকা, মাদ্রাসার দুই শিক্ষার্থীকে ১০ হাজার টাকা এবং একজন ইঞ্জিনিয়ার - হাবিবুর রহমান খান ৫ হাজার টাকা দিয়েছে বলে জানান তিনি। এ সাহায্য খুবই অপ্রতুল বলে তিনি উল্লেখ করেন।

জোহরা বেগম বলেন,'আমার স্বামীর চিকিৎসার খরচ মেটাতে জরুরি প্রয়োজনে আমাকে মাত্র ৩০ হাজার টাকায় ভ্যান গাড়ীটি এবং ৪৪ হাজার টাকায় গরু বিক্রি করতে হয়েছে। এছাড়াও, আমাদের অন্যদের কাছ থেকে অনেক টাকা ধার করতে হয়েছে।'

তিনি ব্র্যাক কর্তৃপক্ষ এবং অন্তর্বর্তীকালীন সরকারের প্রতি তাদের শোচনীয় অবস্থা এবং সম্পূর্ণ অনিশ্চয়তার মধ্যে বসবাসের কথা বিবেচনা করে তাদের ঋণ মওকুফ করার আহ্বান জানান। এছাড়াও জোহরা তার স্বামীর সুস্থতার পরে তার জন্য একটি নতুন ভ্যানগাড়ির ব্যবস্থা করারও অনুরোধ জানান।

এদিকে ওমরের চিন্তার কোন শেষ নেই। কেবল আর্থিক দুশ্চিন্তাই নয়, আবারো অস্ত্রোপচারের পর তিনি কতোটুকু স্বাভাবিক জীবনে ফিরতে পারবেন, সংসারের হাল ধরতে পারবেন তা নিয়ে তার উদ্বেগ যেন ফুরোয় না। কেবল নিজের নয়, বাবার চিকিৎসা নিয়েও ওমরের আকাঙ্ক্ষা কবে পূরণ হবে এ অপেক্ষায় দিন গুনছেন ওমর। এ জন্যে দরকার পরিবারটির পাশে দাঁড়ানো। সরকারি ও বেসরকারি সব ধরনের সহায়তাই পারে ওমরের জীবন ও পরিবারের শান্তি ফিরিয়ে আনতে।

দৈনিক সংবাদ ১৯ অক্টোবর ২০২৪

# শহীদ গউসের জন্যে আজও কাঁদেন তার মা

বাসস

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে প্রাণ বিলিয়ে দিয়েছেন শহীদ গউস উদ্দিন। তার জন্যে আজও কেঁদে কেঁদে দিন কাটাচ্ছেন মা লেবু বেগম। তিনি ভুলতে পারেন না, সেই দিনটির কথা। তার ছেলে গউস দুপুরের দিকে ঘরে আসে। খুব তাড়াহুড়ো করে খাওয়া-দাওয়া সারে। অভ্যাস মতো খাটে একটু শুতেই ফোন আসতে থাকে। মা বুঝতে পারেন ছেলে বারবার ফোন রিসিভ করছেন। এক পর্যায়ে ঘর থেকে বেরুচ্ছিলেন, মা সন্তানকে বললেন, চারদিকে গণ্ডগোল হচ্ছে ঘরে থাকো বাবা, বাইরে যাওয়ার দরকার নেই। কথাটা বলতেই গউস মায়ের পায়ে ধরে সালাম করে বলে 'মাই গো দোয়া করিও, দেশোর লাগি যাইয়ার মরলে শহীদ আর বাঁচলে গাজি'। মা অবাক হয়ে যান, গউস সাধারণত ঈদের সময় পায়ে ধরে সালাম করে; তবুও সব সময়ের মতো বলেন, 'যাওরে পুত আল্লাহর হাওলা।' দিনটি ছিল ৪ আগস্ট ২০২৪।

গউস সেই যে ঘর ছেড়েছিল, আর ফিরে আসেনি, এসেছিল তার লাশ। সিলেটের গোলাপগঞ্জ পৌরসভার ৩ নং ওয়ার্ডের উত্তর ঘোষগাঁও গ্রামের মৃত মোবারক আলীর ছেলে গউস উদ্দিন। তিনি পেশায় সিএনজি অটোরিকসা চালক, ৭/৮ বছর ধরে অটোরিকসা চালাচ্ছেন। বয়স তিরিশ। বিয়ে করেননি। তারা ছয় ভাই এক বোন। গউস ভাইদের মধ্যে পঞ্চম।

গউস উদ্দিনের ভাই আবুল কালাম হাসপাতাল থেকে গউসের লাশ গ্রহণ করেছিলেন। বললেন, ৪ আগস্ট তখন গোলাপগঞ্জে ছাত্র-জনতার আন্দোলন তুঙ্গে। চারদিক থেকে মিছিল, হামলা-প্রতিরোধের খবর আসছিল। বেলা চারটা সাড়ে চারটার দিকে তার কাছে ফোন করেন চাচাতো ভাই হাসান, জানান গউসের গায়ে গুলি লেগেছে গোলাপগঞ্জ চৌমুহনার সানরাইজ কমিউনিটি সেন্টারের সামনে। জায়গাটি গোলাপগঞ্জ থানা ভবন থেকে দেখা যায়। কালাম দৌড়ে দৌড়ে ঘটনাস্থলে আসেন। দেখতে পান গউসের অবস্থা খুব খারাপ, রক্ত ঝরছে। তাকে দ্রুত গোলাপগঞ্জের পাশের উপজেলা দক্ষিণ সুরমার নর্থ ইস্ট হাসপাতালে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে সিলেট বিভাগীয় হেডকোয়ার্টারে সিলেট এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। গউসের অবস্থা দ্রুত খারাপ হচ্ছিল, তারপর অপারেশন থিয়েটারে নিয়ে যাবার পর ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। লাশ মর্গে নিয়ে যাওয়া হয়। ৬ আগস্ট গউসের পরিবার লাশ গ্রহণ করে।

কালাম জানান, গউসের পেটে গুলি লাগে। পেটের সামনের দিকে ছোট একটি ছিদ্র, পেছন দিকে ছিদ্রটি বড়ো হয়ে গেছে। আসরের পর গোলাপগঞ্জ উপজেলার ফুলবাড়ি বড় মোকাম ঈদগাহে জানাজা শেষে তাকে ঈদগাহ সংলগ্ন গোরস্থানে দাফন করা হয়। সেই জানাজায় সমবেত হয়েছিলেন হাজার হাজার মানুষ, যা ছিল গোলাপগঞ্জে স্মরণকালের বৃহত্তম জানাজা।

গউস উদ্দিনের মৃত্যুর পর ছেলে হারানোর শোকে তার মা লেবু বেগমের অসুস্থতা বেড়ে গেছে। বিশেষ করে উচ্চ রক্তচাপ। কয়েকদিন পর পরই ডাক্তারের কাছে নিয়ে যেতে হয়।

আমরা যখন গউস উদ্দিনের বাড়িতে যাই, তখনও তিনি ছিলেন হাসপাতালে। সবকথা খুব গুছিয়ে বলতে পারেন না। তবুও মা কেঁদে কেঁদে বললেন, আমার 'লাখান (মতো) আর কোনো মা'র বুক খালি হউক না।' তিনি তার ছেলের হত্যাকারীদের বিচার চান। একইসঙ্গে আরও যাদেরকে হত্যা করা হয়েছে, সেই সব হত্যাকাণ্ডেরও বিচার চান।

# শেরপুর জেলার মতো বন্যা আরও হতে পারে : ফারুক ই আজম

বাসস

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ উপদেষ্টা ফারুক ই আজম, বীর প্রতীক বলেছেন, শেরপুর জেলার মতো এই ধরণের বন্যা আরও হতে পারে। এ জন্য আগাম ধারণা নিয়ে কর্মকর্তাদের সেভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন তিনি।

উপদেষ্টা গত বৃহস্পতিবার রাতে শেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে সরকারি কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এমন নির্দেশনা দেন।

দুর্যোগ পরিবর্তিত পরিস্থিতিতে সরকারি কর্মকর্তাদের সবাইকে সমন্বয় করে একসঙ্গে কাজ করার নির্দেশ দেন উপদেষ্টা। এ সময় তিনি বলেন, স্থানীয় অভিজ্ঞতার আলোকে সবাইকে নিয়ে আধুনিক প্রযুক্তিগত জ্ঞান কাজে লাগিয়ে দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে টেকসই কর্মপন্থা নির্ধারণ ও বাস্তবায়ন করতে হবে।

চলতি মাসের শুরুর দিকে ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে সৃষ্ট বন্যায় শেরপুর জেলায় কৃষি, মৎস্য, গবাদিপশুর ক্ষয়ক্ষতিসহ রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট, নদী ভাঙ্গন, বাঁধ, ঘর-বাড়ি, অবকাঠামোসহ বিভিন্ন সেক্টরে প্রায় হাজার কোটি টাকার সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে উল্লেখ করেছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

জেলা প্রশাসক তরফদার মাহমুদুর রহমানের সঞ্চালনায় সভায় বিভিন্ন বিভাগের কর্মকর্তারা জেলার বন্যার ক্ষয়ক্ষতির চিত্র তুলে ধরে পুনর্বাসন প্রয়োজনীয়তা সম্পর্কে উপদেষ্টাকে অবহিত করেন।